# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd


ক্রেডিট বিভাগ

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(রুমাবি-৩৩৮)/২০২২-২০২৩/ ২৭৬৫ (১২৫০) তারিখঃ ০৫ মার্চ ২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১) এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উর্পযুক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার লেটার নং-৫৩৬(১২৫০) তারিখ ২৮.০৮.২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কোভিড-১৯ মহামারির কারণে সৃষ্ট আর্থিক সংকট মোকাবেলায় ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১) এর আওতায় অত্র ব্যাংকের অনুকূলে বরাদ্দকৃত ১০(দশ) কোটি টাকা। এফআইডি সার্কুলার নং-০২, তারিখ ২৮ অক্টোবর, ২০২১ এর আওতায় ৩০ জুন, ২০২৩ তারিখ মেয়াদে ঋণ বিতরণের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরের ০৮ (আট) মাস অতিক্রান্ত হলেও কয়েকটি বিভাগে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। আলোচ্য প্রণোদনা প্যাকেজের অনুকূলে অত্র ব্যাংকের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে ২৮.০২.২০২৩ তারিখ ভিত্তিক Web Portal এর রিপোর্ট অনুযায়ী বিভাগওয়ারী ঋণ বিতরণেরসার্বিক পরিস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে বিতরণযোগ্য) | লক্ষ্যমাত্রার বিপরীতেঅর্জন | অর্জনের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ঢাকা | ১.৯০ | ১.৪৫ | ৭৬% |
| ২ | ময়মনসিংহ | ১.০০ | ০.৯২ | ৯২% |
| ৩ | চট্টগ্রাম | ১.০০ | ০.৮১ | ৮১% |
| ৪ | খুলনা | ১.০০ | ০.৭৪ | ৭৪% |
| ৫ | বরিশাল | ১.০০ | ০.৬৫ | ৬৫% |
| ৬ | সিলেট | ১.০০ | ০.৮৭ | ৮৭% |
| ৭ | কুমিল্লা | ১.০০ | ০.৬২ | ৬২% |
| ৮ | ফরিদপুর | ১.০০ | ০.৯১ | ৯১% |
| ৯ | কুষ্টিয়া | ১.০০ | ০.২৩ | ২৩% |
| ১০ | এলপিও | ০.১০ | ০.০০ | ০০% |
| মোটঃ | | ১০.০০ | ৭.২০ | ৭২% |

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ১০(দশ) কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে মোট অর্জিত হয়েছে ৭.২০ কোটি টাকা। ২৮.০২.২০২৩ তারিখ ভিত্তিক সামগ্রিক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ৭২%।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১ এবং অত্র ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এতদসংক্রান্ত সার্কুলার লেটার সমূহে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ পূর্বক আগামী ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার ১০০% (শতভাগ) অর্জনের জন্য শাখা ও অঞ্চলকে দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণ সহ বিভাগীয় কার্যালয় কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৫/০৩/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

চলমান পাতা-২

বিষয়ঃ কোভিড-১৯ মহামারির কারণে ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত ৩,০০০ (তিন হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম (বাংলাদেশ ব্যাংক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের সার্কুলার নং-এফআইডি-০২/২০২১, তারিখ ২৮ অক্টোবর ২০২১) এর আওতায় লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫(বুমাবি-৩৩৮)/২০২২-২০২৩/ ২৭৬৫(১২৫০) তারিখঃ ০৫ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো**।

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক